

# ডিজিটাল নকলকে প্রতিহত করতে হবে : শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২৩ জুন, ২০২৬ ১৪:১৯



চট্টগ্রাম শিক্ষা বোর্ডের কেন্দ্র সচিবদের সঙ্গে মতবিনিময়কালে শিক্ষামন্ত্রী ড. আনামুল হক মিলন। ছবি :  
সংগৃহীত

শিক্ষামন্ত্রী ড. আনম এহসানুল হক মিলন বলেছেন,  
'নকল' শব্দটির কবর দিয়ে এসেছি অনেক আগেই। এটা  
নিয়ে আর কথা বলতে চাই না।

কিন্তু এখন নকল হচ্ছে ডিজিটালি। সেটাকে সেভাবেই  
প্রতিহত করতে হবে।'

মঙ্গলবার (২৩ জুন) চট্টগ্রাম শিক্ষা বোর্ডের কেন্দ্র  
সচিবদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

বিভিন্ন প্রতিষ্ঠানে স্নাতক চালুর বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন,  
'আমাদের দেশে শুধু উচ্চ শিক্ষা আর উচ্চ শিক্ষা, সবাই  
খালি অনার্স খুলতে চায়।

এর কি দরকার?’

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে খাতা দেখার বিষয়ে তিনি বলেন, ‘সব বোর্ডের খাতা আমরা রেন্ডমলি চেক করে দেখবো, কেউ কম বা বেশি নাম্বার দিয়ে দিলো কিনা।’